

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১৮. 'আলীর প্রতি রাসূলুল্লাহ 🌿 এর ওসীয়ত' নামে প্রচলিত ওসীয়ত

আলী (রা) এর নামে একাধিক জাল ওসীয়ত প্রচলিত। প্রসিদ্ধ একটি জাল ওসীয়তের শুরুতে বলা হয়েছে: হে আলী মূসা (আঃ)-এর কাছে হারূন (আঃ)-এর মর্যাদা যেরূপ, আমার কাছেও তোমার মর্যাদা সেরূপ। তবে আমার পরে কোনো নবী নেই।' জালিয়াত এ বাক্যটি সহীহ হাদীস থেকে নিয়েছে। এরপর বিভিন্ন ভিত্তিহীন কথা উল্লেখ করেছে। যেমন, হে আলী, মুমিনের আলামত তিনটি... মুনাফিকের আলামত... হিংসুকের আলামত... পুরো ওসীয়তটিই বাতিল, ভিত্তিহীন ও মিথ্যা কথায় ভরা। মাঝে মধ্যে দুই একটি সহীহ হাদীসের বাক্য ঢুকিয়ে দেয়া হয়েছে। এ ছাড়াও আলী (রা) এর নামে আরো একাধিক ওসীয়ত জালিয়াতগণ তৈরি করেছে। মুহাদ্দিসগণ একমত যে, 'আলীর প্রতি রাসূলুল্লাহ (الهلا) এব তিনিয়েছে।

ফুটনোট

[1] এ জাল ওসীয়তটি পুরোটাই বাংলায় ছাপা হয়েছে। দেখন, আল্লামা সুয়ূতী, নবী করীম (সা)-এর ওসীয়ত, অনুবাদ মাওলানা মুহাম্মাদ রিজাউল করীম ইসলামাবাদী (ঢাকা, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২য় সংস্করণ ২০০৩), পৃ. ১১-২৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4740

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন